দৈনিক বাংলা

তারিখ 05 AUG 1994
পৃষ্ঠা ১ কলাম ৭

১০৭

### এইচএসসি ঃ তৃতীয় দিনে ১৮৩৩ জন বহিষ্কার

# নকল করতে না দেয়ায় লালমনিরহাট কলেজে হামলা ঃ শিক্ষক আহত

স্টাফ রিপোর্টার ঃ এইচএসসি পরীক্ষার তৃতীয় দিনে দেশের চারটি শিক্ষা বোর্ডে পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে এক হাজার ৮৩৩ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। বৃহস্পতিবার ইংরেজী প্রথমপত্রের পরীক্ষা অনুষ্ঠিত হয়।

ইংরেজী পরীক্ষা শেষে লালমনিরহাট সরকারী কলেজ কেন্দ্রে হামলা চালানো হয়। এতে কয়েকজন শিক্ষক আহত হন এবং কলেজ অধ্যক্ষের অফিস ও বাসভবনে হামলা চালানো হয়। গতরাতে লালমনিরহাটের জেলা প্রশাসকের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি জানান ঃ পরীক্ষা হলে কড়াকড়ি করা এবং নকল করতে না দেয়ায় বিক্ষুব্ধ পরীক্ষার্থীরা হল থেকে বের হয়ে লালমনিরহাট কলেজের একজন শিক্ষিকাকে লাঞ্ছিত করে। এ সময় কয়েকজন শিক্ষক ঘটনার প্রতিবাদ করলে পরীক্ষার্থী ও বহিরাগতরা দলবদ্ধ হয়ে কলেজ শিক্ষকদের উপর ইটপাটকেল ছোঁড়ে। তারা কলেজ ভবনসহ অধ্যক্ষের বাসভবনে হামলা চালায়। এ সময় কয়েকজন শিক্ষক আহত হন।

এ ঘটনার প্রতিবাদে কলেজ শিক্ষকরা এক সময় মিলিত হন এবং পরীক্ষা বর্জনের সিদ্ধান্ত নেন। পরে জেলা প্রশাসনের হস্তক্ষেপে এ সিদ্ধান্ত প্রত্যাহার করা হয়।

(৪–এর পৃঃ ২–এর কঃ দ্রঃ)

### নকল করতে না দেয়ায়

(প্রথম পৃষ্ঠার পর)

জেলা প্রশাসক জানান, আগামী শনিবার পরীক্ষা যথারীতি অনুষ্ঠিত হবে। ঘটনার সঙ্গে জড়িতদের বিরুদ্ধে থানায় মামলা দায়ের করা হয়েছে। তাদের বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা নেয়া হবে বলে তিনি জানান।

পরীক্ষার তৃতীয় দিনে ঢাকা বোর্ডে ৪৬৬ জন, রাজশাহী বোর্ডে ৮৭০ জন, কুমিল্লা বোর্ডে ৩৩৯ জন এবং যশোর বোর্ডে ১৩৮ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

লালমনিরহাট কলেজ কেন্দ্র ছাড়া দেশের সকল কেন্দ্রে পরীক্ষা শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়েছে বলে শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকগণ জানিয়েছেন।

কুমিল্লা থেকে নিজস্ব সংবাদদাতা জানান, কুমিল্লা শিক্ষা বোর্ডের সকল কেন্দ্রে শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠিত হয়। চট্টগ্রাম জেলার বিভিন্ন কেন্দ্রে একশ' জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয়েছে।

আগামীকাল শনিবার ইংরেজী দ্বিতীয়পত্রের পরীক্ষা অনুষ্ঠিত হবে।